দৈনিক ইনকিলাব

NOV. 08 1999

তারিখ ... ... NOV 04 1999
পৃষ্ঠা ৭ কলাম ৬

57

## জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ

আমরা যারা ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের ১৯৯৯ সালের পরীক্ষার্থী তাদের মধ্যে বাংলা মাস্টার্স প্রথম পর্বের পরীক্ষার্থী যারা তাদের কি অপরাধ? সবিনয়ে জানতে চাই, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জবাব দিন। জাতীয় বিশ্ব বিদ্যালয়ের ১৯৯৯ সালে অনুষ্ঠিতব্য বাংলা বিষয়ের মাস্টার্স প্রথম পর্বের পরীক্ষা গ্রহণের সময়সূচী কোন প্রকারের হেতু ছাড়াই বারবার পরিবর্তন করে পরীক্ষার্থী এবং অভিভাবক মহলকে অবাক করেছে। এর সাথে সাথে আমাদের পন্ডিত ব্যক্তিদের সময়সূচী নির্ধারণের ব্যাপারে এত গড়িমসি কেন, তাও প্রশ্ন উঠছে বিভিন্ন মহলে।

এমনিতেই সেশনজটের ভারে আমরা ভারাক্রান্ত তার উপর এভাবে যদি পরীক্ষা গ্রহণের তারিখ পিছানো হতে থাকে তাহলে আমরা আর যাই কোথায়? এ ব্যাপারে মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের এবং সর্বোপরি বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ কামনা করছি। আমরা আশা করব, সর্বশেষ যে পরীক্ষা গ্রহণের তারিখ প্রকাশ করা হয়েছে সেই তারিখে যেন পরীক্ষা গ্রহণ সম্পন্ন হয়।

–মনজুর আলম
পরীক্ষার্থী-১৯৯৯ ইং সন,
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম